বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস ( বি এস পি ) এর ২০২৪-২০২৫ সেশনের কার্যনির্বাহী পরিষদের

**অষ্টম কার্যনির্বাহী সভার কার্যবিবরনী**

**সভাপতিঃ**

অধ্যাপক ডাঃ নাসিম জাহান

(সম্মানিত সভাপতি, বি এস পি)

**সভার তারিখঃ** ০৩/০৭/২০২৪ ইং

**সভার সময়ঃ** সন্ধ্যা ৭:৩০ ঘটিকা

**সভার স্থানঃ** অনলাইন জুম মিটিং

**সভায় উপস্থিতিঃ ২২** জন (সভায় অংশগ্রহণকারী কার্যনির্বাহী সদস্যের হাজিরার কপি সংযুক্ত)

সম্মানিত সভাপতি প্রথমেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সাধারণ সম্পাদক বিগত সভার কার্যবিবরণী সকলকে পাঠ করে শোনান ।

সভায় নিম্নোক্ত আলোচ্যসুচী অনুযায়ী আলোচনা হয়ঃ

১। বার্ষিক সাধারণ সভা ২০২৪ আয়োজন

২। সোসাইটির সাবক্রিপশন ফি উত্তোলন

৩। SAAP-IX এ অংশগ্রহণ

৪। বিবিধ

**০১। *<u>বার্ষিক সাধারণ সভা ২০২৪ আয়োজনঃ</u>***

**ক। তারিখ নির্ধারণঃ**

**আলোচনাঃ** সভার সম্ভাব্য তারিখ নিয়ে সবার মতামত নেওয়া হয়। এ সময়ে পুর্বে বর্নিত ১৩ সেপ্টেম্বর ২০২৪ সভা না আয়োজনের পক্ষে মত দেন অধ্যাপক ডাঃ ফরিদা আদিব খানম ও আবু মাসুদ। এসময় অন্যান্য সদস্যগণ এতে একমত পোষণ করলেও চট্টগ্রামের ডাঃ শাহীন আখতার পরীক্ষা পুর্ব প্রস্তুতির কথা বিবেচনায় এর বিপক্ষে মত দেন।

**সিদ্ধান্তঃ** ২০ জানুয়ারী বি এম এ ইলেকশন থাকায় এবং ১৩ তারিখে অসুবিধে বিবেচনায় সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে এবং আয়োজনের সুবিধা বিবেচনা করে ২৭ সেপ্টেম্বর ২০২৪ সভা আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়।

**খ) সভাস্থল নির্ধারণঃ**

**আলোচনাঃ** সভার সম্ভাব্য সভাস্থল নিয়ে সম্মানিত সদস্য আবু মাসুদ কক্সবাজারের দুইটি ভেন্যুতে অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে সকলকে অবহিত করেন- ১) HE building ও ২) BIAM

**সিদ্ধান্তঃ** সকল পরিস্থিতি বিবেচনায় সর্ব সম্মতিক্রমে BIAM কক্সবাজারেই অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়।

**গ) আবাসস্থল নির্ধারণঃ**

**আলোচনাঃ** সভার সম্ভাব্য আবাসস্থল নিয়ে সম্মানিত সদস্য আবু মাসুদ কক্সবাজারের দুইটি সরকারী আবাসনের সুবিধার ব্যাপারে সকলকে অবহিত করেন- ১) HE building ও ২) BIAM। এসময় তিনি উল্লেখ করেন যে BIAM কক্সবাজারেই অধিকাংশ সদস্যেরই আবাসের পর্যাপ্ত এসি রুম বিদ্যমান।কিন্তু হেলথ ইঞ্জিনিয়ারিং এ তুলনামূলক কম কক্ষ বিদ্যমান।

এখানে কেউ কেউ শুধুমাত্র অনুষ্ঠানের দিন আবাসন সুবিধার কথা বললেও অধিকাংশ সিনিয়র সদস্য যেমন অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম, অধ্যাপক ডাঃ নাসিম জাহান ও অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা আগের দিন বিকেলের মধ্যে পৌঁছে ,সেদিন অবস্থান করে পরের দিন সকালে অনুষ্ঠান শুরু করার পক্ষে মতামত দেন, এতে আবু মাসুদ এবং ডাঃ শামস রুহানী সহ অন্যান্য সদস্যরা পক্ষে মত দেন।

**সিদ্ধান্তঃ** সর্ব সম্মতিক্রমে অনুষ্ঠানে আগত অতিথিদের ২৬ তারিখে বিকেলের মধ্যে কক্সবাজার পৌঁছে বিয়ামের রুমে অবস্থান করে পরবর্তী দিন ২৭ তারিখে সকালে অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়।

**ঘ ) সভার অনুষ্ঠানসূচী নির্ধারণঃ**

**আলোচনাঃ** সভাপতির অনুমতিক্রমে ডাঃ শামস রুহানী খসড়া অনুষ্ঠান সূচী সকলকে পড়ে শোনান।

**সিদ্ধান্তঃ** সকলের মতামতের ভিত্তিতে অনুষ্ঠান সূচীতে সামান্য কিছু পরিমার্জন সাপেক্ষে উহা গৃহীত হয়।

**ঙ) সভার রেজিস্ট্রশন ফি নির্ধারণঃ**

**আলোচনাঃ** সভার রেজিস্ট্রেশন ফি নির্ধারণে সকল বিষয় বিবেচনায় নিয়ে ফি হিসাব করে অতিদ্রুত এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার জন্য অধিকাংশ সদস্য মতামত দেন

**সিদ্ধান্তঃ** এসময় সভাপতি ও সাধারণ সম্পাদক অতি দ্রুত এ সংক্রান্ত পদক্ষেপ নেওয়া হবে বলে সকলকে আশ্বস্ত করেন।

***০২। সোসাইটির সাবক্রিপশন ফি উত্তোলনঃ***

**আলোচনাঃ** সোসাইটির সাবক্রিপশন ফি উত্তোলনের বর্তমান অবস্থা জানতে এ সংক্রান্ত কাজে দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তিদের মতামত নেওয়া হয়। এতে প্রতীয়মান হয় যে অধিকাংশ সদস্যই ফি জমা দিয়েছেন। যারা বিভিন্ন কর্ম ব্যস্ততায় এখনও জমা দিতে ব্যর্থ হয়েছেন তাদেরকে পুনরায় নোটিশ প্রদানের মাধ্যমে অবহিত করণের পক্ষে মত দেন সম্মানিত সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান। এতে মিটিং এ উপস্থিত সকল সদস্য সমর্থন দেন। অতঃপর অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম আগামী ৩১ জুলাই পর্যন্ত সময় বাড়ানোর কথা বলেন।

**সিদ্ধান্তঃ** ২০২২ এবং ২০২৩ সনের জন্য নির্ধারিত ফি উত্তোলনের জন্য ৩১ জুলাই ২০২৪ পর্যন্ত সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত হয় এবং এতদসংক্রান্ত নোটিশ খুব শীঘ্রই প্রকাশিত হবে।

***০৩। SAAP-IX (Pakistan) এ অংশগ্রহনঃ***

**আলোচনাঃ** ডিসেম্বরে অনুষ্ঠিতব্য SAAP-IX কনফারেন্সে সম্ভাব্য অংশগ্রহনকারীদের তালিকা ইতোমধ্যেই SAAP এর সাধারণ সম্পাদককে প্রেরিত হয়েছে বলে সকলকে অবহিত করেন সম্মানিত সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান। এসময় ডাঃ শামস রুহানী প্রি-কনফারেন্স ওয়ার্কশপের জন্য SAAP এর সাধারণ সম্পাদক নাম চেয়েছেন বলে সকলকে জানান।

**সিদ্ধান্তঃ** নতুন করে কোন সদস্য যাবার ব্যাপারে আগ্রহ প্রকাশ করলে তার নাম অন্তভুক্তি করার সিদ্ধান্ত হয়।

***০৪। SAAP-X বাংলাদেশে এ আয়োজনঃ***

**আলোচনাঃ** SAAP-X কনফারেন্স বাংলাদেশে আয়োজনের ব্যাপারে মতামত চান সম্মানিত সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান। এসময় উপস্থিত সকল সদস্য বাংলাদেশে ২০২৬ সালের SAAP কনফারেন্স আয়োজনের পক্ষে জোরালো মত দেন।

**সিদ্ধান্তঃ** বি এস পি আন্তজাতিক পরিমন্ডলেও ফিজিওলজিস্টদের স্বার্থ রক্ষায় দৃঢ প্রতিজ্ঞাবদ্ধ সেইজন্য SAAP-X কনফারেন্স বাংলাদেশে এ আয়োজিত হবে ইনশাআল্লাহ।

***০৫। বিবিধঃ***

**ক) কার্যবিবরণী প্রকাশঃ**

**আলোচনাঃ** অধ্যাপক ডাঃ রোকেয়া বেগম সকলকে অবহিত করেন যে, ওয়েবসাইট আপডেটের কাজ চলমান থাকায় অতি দ্রুত সোশ্যাল মিডিয়াতে কার্যবিবরণী প্রকাশ করার জন্য। এসময় উপস্থিত সকল সদস্য এতে সমর্থন দেন।

**সিদ্ধান্তঃ** সভা শেষে দ্রুত কার্যবিবরণী BSP এর Whats app গ্রুপে দেওয়ার সিদ্ধান্ত হয়।

**খ) পরবর্তী সভার তারিখ নির্ধারণঃ**

**আলোচনাঃ** পরবর্তী সভার তারিখ নির্ধারণে সকলের মতামত চাওয়া হয়। এসময় অধ্যাপক ডাঃ নাজনীন এই মাসের তৃতীয় বুধবারে সভার তারিখ নির্ধারণে মত দেন। সভায় উপস্থিত সকলে এতে সম্মত হন।

**সিদ্ধান্তঃ** আগামী সভা এই মাসের তৃতীয় বুধবারে আয়োজনের সিদ্ধান্ত হয়।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্থতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Jahan

অধ্যাপক ডাঃ নাসিম জাহান

সভাপতি, ২০২৪-২০২৫ কার্যনির্বাহী পরিষদ

বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস ( বি এস পি )